



# শব্দদূষণ

## জনসচেতনতা ও করণীয়



মহিলাবাণী

পত্রিকাটির লক্ষ্য হল জনসচেতনতা বৃদ্ধি করা।

শব্দদূষণঃ  
জনসচেতনতা ও  
করণীয়

অমিত রঞ্জন দে  
নাজনীন কবীর  
দেবরা ইফরুইমসন

প্রথম মুদ্রণঃ ঢাকা, আগস্ট ২০০২  
দ্বিতীয় মুদ্রণঃ ঢাকা, জুন-২০০৫

লোগো যাবে ডাব্লিউবিবি ট্রাস্ট

বাড়ি নং-৪৯, সড়ক নং-৪/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯, বাংলাদেশ  
ফোনঃ ৯৬৬৯৭৮১, ৮৬২৯২৭৩ ফ্যাক্সঃ ৮৬২৯২৭১  
Info@wbbtrust.org [www.wbbtrust.org](http://www.wbbtrust.org)

গবেষক দল  
অমিত রঞ্জন দে, নাজনীন কবীর,  
রতন দেব, ওলিউর রহমান খোকন, বিপ্লব ধর,  
আমিনুল ইসলাম সুজন, শামছুল আলম তুহিন, দেবরা ইফরুইমসন

জরিপকারী  
মামুন অর রশিদ খান, হুমায়ুন কবীর, মিজানুর রহমান, আমিনুল ইসলাম সুমন, দেবশীষ বিশারদ,  
তাপস রায়, মোঃ শাহজাহান, শ্রীদাম কুমার সাহা, মিজানুর রহমান শামীম, মাহমুদুন নবী খান

প্রকাশনা  
ওয়ার্ক ফর এ বেটার বাংলাদেশ

মুদ্রণ  
আইমেক্স মিডিয়া

তথ্যসূত্র  
সাহিত্য, উন্নয়ন সমন্বয়, সাপ্তাহিক বিচিত্রা, দৈনিক জনকণ্ঠ, ফৌজদারী বিচার ব্যবস্থা (দ্বিতীয় সংস্করণ)

কৃতজ্ঞতা স্বীকার  
এই প্রতিবেদন প্রকাশ করতে যারা আমাদের জরিপ, ফোকাস গ্রুপে অংশগ্রহণ  
এবং বিভিন্নভাবে সহযোগিতা করেছেন তাদের প্রতি আমরা কৃতজ্ঞ।  
যার পরামর্শে প্রতিবেদনটি তথ্যবহুল করতে সহায়ক হয়েছে জনাব সাইফুদ্দিন আহমেদ  
এবং জনাব মামুনুর রশীদ, কার্তিক চক্রবর্তী, ডাঃ ফজলে এলাহী মিলাদ,  
সুন্দর জীবন, বাংলাদেশ সড়ক পরিবহণ শ্রমিক ইউনিয়ন (৪৯৪),  
বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)কে ধন্যবাদ জানাচ্ছি।

বিগত তিন বছর আগে এই প্রতিবেদন প্রথম প্রকাশ করা হয়। তারপর পরিবেশ উন্নয়নে কর্মরত ১০টি সংগঠন নিয়ে শব্দদূষণ প্রতিরোধ সমন্বয় কমিটি গঠিত হয়। এই কমিটির সাথে সম্পৃক্ত থেকে আমরাও শব্দদূষণ নিয়ন্ত্রণে কাজ করছি। এই সময়ে শব্দদূষণ নিয়ন্ত্রণে আমরা গণমাধ্যমের দৃষ্টি আকর্ষণ করতে পেরেছি এবং তাদের কাছ থেকে ব্যাপক প্রচারণা পেয়েছি এবং তাদের মাধ্যমে এটি নিয়ন্ত্রণে যে এখনি পদক্ষেপ নেয়া দরকার তা তুলে ধরা সম্ভব হয়েছে। ইতোমধ্যে বন ও পরিবেশ মন্ত্রণালয় শব্দদূষণ নিয়ন্ত্রণে শব্দদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা ২০০৪ এর খসড়া প্রণয়ন করেছে।

সরকার ইতোপূর্বে মারাত্মক দূষণ সৃষ্টিকারী টুস্ট্রোক বেবিট্যাক্সি বন্ধের জন্য আইন প্রণয়ন করেছেন। কিন্তু আসলে এর কতটা পরিবর্তন হয়েছে? রাস্তায় যান্ত্রিক যানের ব্যবহার বৃদ্ধি পেয়েছে। ফলে হর্নের ব্যবহার একটুও কমেনি, ইটভাঙ্গা মেশিন প্রতিনিয়ত ছাত্র-ছাত্রীদের পড়ালেখায় সমস্যা সৃষ্টি করছে এবং আবাসিক এলাকায় বসবাসকারীদের ঘুমের ব্যাঘাত সৃষ্টি করছে। ঢাকা শহরের দোকানগুলোতে এখনো জোরে জোরে ক্যাসেট প্লেয়ারে গান বাজানো হচ্ছে এবং জেনারেটরের অবিরাম শব্দ জনজীবন অতিষ্ঠ করে তুলছে। সরকারের প্রস্তুতকৃত খসড়া বিধিমালাটি এখনো চূড়ান্ত হয়নি এবং শব্দদূষণ নিয়ন্ত্রণে জনসচেতনতা বৃদ্ধির জন্য এখন পর্যন্ত আমাদের দৃষ্টিগোচর হয়নি।

ইতোমধ্যে তামাক নিয়ন্ত্রণে নতুন আইন প্রণয়ন করা হয়েছে এবং তার প্রতিক্রিয়াও আমরা লক্ষ্য করছি। পাবলিক প্লেসে এবং পাবলিক যানবাহনে ধূমপান করলে ‘৫০ টাকা’ জরিমানা ধার্য করা হয়েছে। যা জনগণকে এই আইন বুঝাতে সহযোগিতা করবে। এখন বাসে যদি কেউ ধূমপান করে জনগণ নিজ অধিকার বলে তার প্রতিবাদ করে। এতেই বোঝা যায় শব্দদূষণ নিয়ন্ত্রণে সরকার বিধিমালা প্রণয়ন করলে জনগণ এতে সাহায্য করবে এবং তামাক নিয়ন্ত্রণের মতো শব্দদূষণ নিয়ন্ত্রণে একটা ইতিবাচক পরিবর্তন আসবে। শব্দদূষণ নিয়ন্ত্রণ বিধিমালা প্রণয়ন করা হলে তাই আজ সময়ের দাবী হিসেবে দেখা দিয়েছে।

প্রথম প্রকাশনাটি ব্যাপক জনসমর্থন লাভ করায় এবং আরো প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় মূল তথ্য অবিকৃত রেখে খুব সামান্য কিছু পরিবর্তন সাপেক্ষে আমরা এই প্রতিবেদন আবার প্রকাশ করছি। এখানে নতুন কোন গবেষণা সংযোজন করা হয়নি। প্রথম প্রতিবেদনে টেম্পু, হাইড্রোলিক হর্নের সমস্যাসমূহকে বেশি গুরুত্ব দেয়া হয়েছিল এবং গণমাধ্যমগুলোতে তেমন কোন কাজ হয়নি সে বিষয়টি উল্লেখ করা হয়েছিল। কিন্তু বর্তমানে ঢাকা শহর থেকে টেম্পু এবং হাইড্রোলিক হর্ন নিষিদ্ধ করা হয়েছে এবং গণমাধ্যমে প্রচারণা বৃদ্ধি পেয়েছে। নতুন সংস্করণে সে বিষয়টি তুলে ধরা হয়েছে। (যদিও সিএনজি বেবিট্যাক্সি চালু করায় বায়ুদূষণ কিছুটা কমেছে কিন্তু শব্দদূষণ নিয়ন্ত্রণে কোন প্রভাব পড়েনি।)

আমরা আশা করছি, এই সমস্যা সমাধানের ক্ষেত্রে সব মহলেই প্রয়োজনীয় আগ্রহ তৈরি হবে শব্দদূষণ নিয়ন্ত্রণের বিষয়টি অনেকাংশে নিশ্চিত করবে। শব্দদূষণের কারণে ঢাকা শহর বসবাসের অনুপযোগি হয়ে পড়বে এই পরিস্থিতি আমরা কোনক্রমেই মেনে নিতে পারিনা। আমাদের স্বাস্থ্যের কথা বিবেচনায় নিয়ে একে অবশ্যই নিয়ন্ত্রণে আনতে হবে। এখনই আমাদের একটি প্রাতিষ্ঠানিক এবং আইনগত ভিত্তি প্রয়োজন। যা ব্যক্তিগত পর্যায় থেকে শুরু করে সর্বত্র ইতিবাচক পরিবর্তনে সহায়ক হবে।

সবশেষে এই প্রতিবেদনের প্রত্যেক পাঠককে আমরা আহ্বান করছি ঢাকা শহরকে শান্তিময় ও প্রাণবন্ত করে গড়ে তুলতে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিকভাবে কিছু কাজ করার জন্য। পাশাপাশি আমরা প্রত্যাশা করছি একটি কার্যকর বিধিমালা প্রণীত এবং প্রয়োগ হবে। ফলে একটি ইতিবাচক পরিবর্তন আসবে, যা আমরা আমাদের তৃতীয় মুদ্রণের মাধ্যমে তুলে ধরতে পারব বলে আশা করছি।

- লেখকদ্বয়

### গবেষণায় প্রাপ্ত গুরুত্বপূর্ণ তথ্যাবলী

- ৯৭% ছাত্র-ছাত্রী মত প্রকাশ করেছে যে, হর্নের কারণে তাদের পড়াশুনা বিঘ্নিত হচ্ছে।
- ৮৬% সাধারণ মানুষের কাছে শব্দদূষণ একটি বড় ধরনের সমস্যা। মাত্র ১% মানুষ এটিকে কোন সমস্যা হিসেবে মনে করছেন না।
- সাধারণ জনগণ বলেছেন শব্দদূষণের কারণে বিরক্তিবোধ (৭৮%), মাথাধরা (৭১%), মেজাজ খারাপ (৪৯%) এবং মনসংযোগ ও ঘুমের ব্যাঘাত ঘটা (৪৩%)'র মত জটিল সমস্যাগুলো দেখা দিচ্ছে।
- ৪৫% গাড়ী চালক নিজ থেকেই বলেছেন তারা ট্রাফিক জ্যামে হর্ন বাজান।
- শব্দদূষণ নিয়ন্ত্রণে কোন ধরনের উদ্যোগ বা কর্মকান্ড পরিচালিত হচ্ছে কিনা সে সম্পর্কে অধিকাংশ মানুষ কিছু জানে না।
- শব্দদূষণ নিয়ন্ত্রণে সাধারণ মানুষের মতামত ট্রাফিক ব্যবস্থার উন্নয়ন, জনবসতিপূর্ণ এলাকায় কারখানা স্থাপন এবং ইটভাঙ্গার মেশিন ব্যবহার নিষিদ্ধ করা, হর্ন বাজানো নিষেধ এমন স্থানের সংখ্যা বৃদ্ধি এবং শহরে মিছিল, বিজ্ঞাপন ও নির্বাচনের কাজে মাইকের ব্যবহার নিষিদ্ধ করা এবং জেনারেটরের বিকল্প সৌরশক্তি ব্যবহার করা।

### সুপারিশমালার উল্লেখযোগ্য অংশসমূহ

শব্দদূষণ নিয়ন্ত্রণে প্রয়োজন বেসরকারি সংগঠন এবং প্রতিষ্ঠান, প্রচার মাধ্যম, সুশীল সমাজ এবং ব্যক্তিগতভাবে যারা কাজ করছেন তাদের সমন্বিত প্রচেষ্টা।

আমাদের ব্যক্তি আচরণের পরিবর্তন এবং সরকারি ভূমিকাকে জোরদার করার জন্য প্রয়োজন

- শব্দদূষণ নিয়ন্ত্রণে কার্যকর আইন প্রণয়ন।
- অযথা বা নীরব এলাকায় হর্ন বাজালে গাড়ি চালকদের জরিমানার ব্যবস্থা করা।
- ইটভাঙ্গার মেশিন ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ করা।
- শহরে মিছিল, প্রচারণা এবং বিজ্ঞাপনের কাজে মাইকের ব্যবহার নিষিদ্ধ করা।
- আবাসিক এলাকায় কলকারখানা স্থাপন নিষিদ্ধ এবং শিল্প এলাকা বৃদ্ধি করা।
- আবাসিক এলাকায় হর্ন বাজানো সম্পূর্ণ নিষেধ এবং জনবসতিপূর্ণ এলাকার শব্দ সীমা নির্দিষ্ট করা।
- ট্রাফিক ব্যবস্থার উন্নয়ন ঘটানো।
- যে সমস্ত যানবাহন দূষণ কম করে (অর্থাৎ রিকসা, বাইসাইকেল, পায়ে হাঁটা), সেরকম যানবাহন ব্যবহারে উৎসাহিত করা বা বৃদ্ধি করা।

## সূচিপত্র

ভূমিকা	৫
c0lg Askt Mtel Yv	
CxWZ	৬
dj v dj	
জরিপঃ ছাত্র-ছাত্রী	৭
জরিপঃ সাধারণ জনগণ	১১
জরিপঃ গাড়ি চালক	১৬
ফোকাস গ্রুপঃ সমন্বিত দল	২৪
ফোকাস গ্রুপঃ গাড়ি চালক	২৬
Avtj vPbv	২৮
WZxq Askt Z_ I Ki Yxq	
শব্দদূষণের সমস্যাসমূহ	
আবাসিক এলাকায় শব্দদূষণের নতুন সংযোজন ইটভাঙ্গার মেশিন	২৯
শব্দদূষণ, শিশু অধিকার সনদ ও শিশুর বিকাশ	৩১
কেসস্ট্যাডি	৩২
শব্দের সহনীয় মাত্রা এবং ঢাকা শহরের শব্দদূষণের মাত্রা	৩৪
শব্দদূষণ সংক্রান্ত আইনসমূহ	৩৬
সুপারিশমালা ও করণীয়	৩৮
উপসংহার	৩৯

## ভূমিকা

পরিবেশ দূষণ আজ এক অসহনীয় মাত্রায় পৌঁছেছে। নানাভাবে আমাদের পরিবেশ দূষিত হচ্ছে। পরিবেশ দূষণের অন্যতম কারণগুলির মধ্যে শব্দদূষণ একটি। বর্তমানে ঢাকা শহরের শব্দদূষণ যে পর্যায়ে অবস্থান করছে তা খুবই আশংকাজনক। কিন্তু সেটা সমস্যা মনে হলেও আমাদের অসচেতনতার কারণে আমরা প্রায়শঃ বলে থাকি এটার নিরসন সম্ভব নয়। কিন্তু এ সমস্যাগুলোতো মানুষেরই তৈরি। আমরা একটু সচেতনতা অবলম্বন করলেই এগুলো নিয়ন্ত্রণ করা সম্ভব। মানুষের তৈরি এমন একটি নিয়ন্ত্রণযোগ্য পরিবেশগত সমস্যা হলো শব্দদূষণ। বাড়িতে, অফিসে, রাস্তাঘাটে এমনকি বিনোদনের সময়ও আমরা বিভিন্নভাবে শব্দদূষণের শিকার হচ্ছি।

বিশ্বব্যাপী মানুষ পরিবেশ দূষণ রোধে সোচ্চার। বাংলাদেশেও বর্তমানে পরিবেশ দূষণ রোধের বিষয়টি একটি আলোচিত বিষয়। অনেক ব্যক্তি বেসরকারি সংগঠন পরিবেশ সংরক্ষণের লক্ষ্যে জনসচেতনতা বৃদ্ধি তথা পরিবেশ উন্নয়নে কাজ করছে। প্রচার মাধ্যমগুলোকে এ ব্যাপারে আরো এগিয়ে আসতে হবে। অতি সম্প্রতি পলিথিন শপিং ব্যাগের ব্যবহার বন্ধ ঘোষণা জনস্বার্থ তথা পরিবেশ উন্নয়নে সরকারের ইতিবাচক পদক্ষেপ। যা সামাজিক জীবনে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলেছে। বেসরকারি প্রতিষ্ঠান এবং প্রচার মাধ্যমগুলো এগিয়ে এসে তা কার্যকর করতে সহায়ক ভূমিকা পালন করেছে।

বর্তমান সময়ে বায়ুদূষণ-পানিদূষণ রোধ এবং বনায়নের বিষয়গুলো আলোচিত হলেও শব্দদূষণ সম্পর্কে আলোচনা বা চিন্তাভাবনার গন্ডি একেবারেই সীমিত। শব্দদূষণের কারণেও মারাত্মক রকমের স্বাস্থ্য সমস্যা হতে পারে সে সম্পর্কে জনসাধারণের মাঝে সুস্পষ্ট ধারণা নেই। বেশ কয়েকটি বেসরকারি সংগঠন এ নিয়ে কিছু কাজ করলেও তা সমস্যার তুলনায় খুবই সামান্য। শব্দদূষণ নিয়ন্ত্রণে আমাদের দেশে তেমন কোন আইন নেই, ট্রাফিক আইনও যথাযথভাবে পালিত হচ্ছে না।

ওয়ার্ক ফর এ বোটর বাংলাদেশ পরিবেশ উন্নয়নের লক্ষ্যে তামাক নিয়ন্ত্রণ, বায়ুদূষণ রোধ, পলিথিন ব্যাগের ব্যবহার সীমিতকরণসহ শব্দদূষণ নিয়ন্ত্রণে কাজ করে যাচ্ছে। শব্দদূষণের কিছু মৌলিক সমস্যা চিহ্নিত, সে সম্পর্কে জনসাধারণের মতামত গ্রহণ এবং তা নিয়ন্ত্রণের লক্ষ্যে কিছু সুপারিশমালা এ প্রতিবেদনের মাধ্যমে উপস্থাপন করা হয়েছে-যা জনসচেতনতা বৃদ্ধি এবং সরকারের নীতি নির্ধারণে সহায়ক বলে আমাদের বিশ্বাস। শব্দদূষণ নিয়ন্ত্রণে যে সমস্ত প্রতিষ্ঠান বা ব্যক্তি কাজ করতে আগ্রহী, আশা করি তারাও এ প্রতিবেদন থেকে লাভবান হবেন। আমরা মনে করি জনসচেতনতা বৃদ্ধি এবং সরকারি বেসরকারি প্রতিষ্ঠানসমূহের ঐক্যবদ্ধ কর্ম প্রচেষ্টার মধ্য দিয়ে প্রাপ্ত দিক নির্দেশনা শব্দদূষণকে নিয়ন্ত্রণের পর্যায়ে নিয়ে যেতে সহায়ক হবে।

ঢাকা নগরীতে আধুনিক সভ্যতার দ্রুত বিকাশ ঘটলেও সৃষ্ট পরিকল্পনা এবং তা বাস্তবায়নের দীনতা, সর্বোপরি অসচেতন মানুষের কর্মকাণ্ড তাকে যেন অকাল বৃদ্ধিতে পরিণত করেছে। এখন এখানে একজন শিশুর জন্ম ও বিকাশ ঘটে স্বাভাবিক অথচ নীরব মৃত্যুর হাতছানির মধ্য দিয়ে। শহুরে মানুষের আয়ুষ্কালও যেন ক্ষীণ। আর এ সমস্ত মৃত্যু ফাঁদের নেপথ্যে রয়েছে পরিবেশ বিপর্যয়। আমাদের একটুখানি সচেতনতা, আচার-আচরণ এবং অভ্যাসের পরিবর্তনের মধ্য দিয়ে এই ভয়াবহ পরিবেশ বিপর্যয়ের হাত থেকে রক্ষা পাওয়া যেতে পারে। প্রয়োজন শুধু সম্মিলিত প্রচেষ্টার। তাই আসুন আমরা সবাই মিলে আমাদের পরিবেশকে রক্ষা করি। নতুন প্রজন্মের জন্য তৈরি করি বাসযোগ্য আবাসভূমি।

## প্রথম অংশ

### গবেষণা

#### পদ্ধতিঃ

এই প্রতিবেদন তৈরি করতে গিয়ে ফোকাস গ্রুপের আয়োজন, জরিপ এবং বিভিন্ন ব্যক্তির মতামত গ্রহণ করা হয়েছে।

#### জরিপঃ

মে মাসের প্রথম সপ্তাহ এবং জুনের দ্বিতীয় সপ্তাহে ঢাকা শহরের বিভিন্ন স্থানে ২,৫০০ মানুষের মধ্যে শব্দদূষণ নিয়ে জরিপ পরিচালনা করা হয়। এদের মধ্যে ১০০০ সাধারণ মানুষ, ১০০০ ছাত্র-ছাত্রী এবং ৫০০ জন গাড়ি চালক। জরিপ শুরু করার পূর্বে একটি নমুনা জরিপের মাধ্যমে জরিপের প্রশ্নপত্র চূড়ান্ত করা হয়। তারপর ১০ জন জরিপকারীকে অর্ধ দিবসব্যাপী প্রশিক্ষণের মাধ্যমে জরিপ কাজে পাঠানো হয়।

শব্দদূষণ কি ধরনের সমস্যা, এ সমস্যা সম্পর্কে জরিপে অংশগ্রহণকারীদের অভিজ্ঞতা, তাদের অনুভূতি এবং শব্দদূষণ নিয়ন্ত্রণে কি ধরনের পদক্ষেপ নেয়া যেতে পারে সে সম্পর্কে তাদের মতামত সংগ্রহ করার চেষ্টা করা হয়েছে।

#### ফোকাস গ্রুপঃ

চাকুরীজীবী, ছাত্র-ছাত্রী এবং গাড়ির চালকসহ মোট ছয় জনের একটি দল এবং ২০ জন গাড়ির চালক নিয়ে অপর একটি ফোকাস গ্রুপের আয়োজন করা হয়। দুটি দলই ভিন্ন ভিন্নভাবে শব্দদূষণ সম্পর্কে তাদের অনুভূতি এবং প্রতিক্রিয়া ব্যক্ত করে।

#### অন্যান্যঃ

এ গবেষণা প্রতিবেদনে দু'জন কানের ডাক্তার এবং একজন হৃদরোগ বিশেষজ্ঞের অভিজ্ঞতা ও মতামত, দুজন অভিভাবকের মতামত/উপলব্ধি, কিছু কেসস্ট্যাডিসহ বাস্তব অভিজ্ঞতার সন্নিবেশন করা হয়েছে।




## জরিপের ফলাফল


### ছাত্র-ছাত্রী

ঢাকা শহরের ৩৩টি স্কুলের (মতিঝিল, মিরপুর, তেজগাঁও, উত্তরা, ফার্মগেট, লালমাটিয়া এবং ধানমন্ডি এলাকায়) ১০০০ ছাত্র-ছাত্রীর মধ্যে শব্দদূষণ সম্পর্কে জরিপটি পরিচালনা করা হয়। এদের ৫২% ছাত্র এবং ৪৮% ছাত্রী। সকল ছাত্র-ছাত্রীদের বয়স ১৩-১৯ বছরের মধ্যে। তারা অষ্টম-দ্বাদশ শ্রেণীতে পড়াশুনা করে। ৭৪% ছাত্র-ছাত্রীর বয়স ১৩-১৫ বছরের মধ্যে এবং ২৬% ছাত্র-ছাত্রীর বয়স ১৬-১৯ বছরের মধ্যে। ১৬-১৯ বছরের মধ্যে যে সকল ছাত্র-ছাত্রী বয়স তাদের বেশির ভাগই ছাত্রী।


Rwicz AskMhYKvix` i eqm




ছাত্র-ছাত্রীরা কিভাবে স্কুলে যায় জানতে চাওয়া হলে দেখা যায়, তাদের অধিকাংশই পায়ে হেঁটে এবং রিকসায় চড়ে স্কুলে যাতায়াত করে। তাদের ৪০% পায়ে হেঁটে, ৩৭% রিকসা চড়ে, ১১% বাসে চড়ে, ৮% প্রাইভেট গাড়িতে করে, ৩% বেবিট্যাক্সি ও টেম্পুতে করে এবং বাকিরা বিভিন্নভাবে যাতায়াত করে থাকে। ছাত্র-ছাত্রীদের মধ্যে যথাক্রমে ৪৮% এবং ৩০% পায়ে হেঁটে, ৩০% এবং ৪৫% রিক্সায় যাতায়াত করে। ছাত্র অপেক্ষা দ্বিগুণ সংখ্যক ছাত্রী প্রাইভেট গাড়িতে যাতায়াত করে। ট্রাফিক জ্যাম একটি মারাত্মক সমস্যা, ট্রাফিক জ্যাম কমানোর জন্য ছাত্র-ছাত্রীরা পায়ে হেঁটে বা বাইসাইকেলে স্কুলে যাতায়াত করতে পারে। পায়ে হেঁটে স্কুলে যাতায়াত করার জন্য ছাত্রী অপেক্ষা ছাত্রদের বোঝানো সহজ হবে। কারণ ছাত্রীদের বেলায় তাদের নিরাপত্তা বিষয়টি সামনে চলে আসে তারপরও ছাত্র-ছাত্রীদের পায়ে হাঁটা বা বাইসাইকেল চালানোর ক্ষেত্রে উৎসাহিত করা এবং তাদেরকে বুঝানো যে এগুলোর অনেক সুবিধা রয়েছে। এই অভ্যাসগুলো যেমন শরীর সুস্থ রাখে তেমনি ডায়াবেটিস বা অধিক মোটর হওয়ার ফলে যে সমস্ত অসুখ হয় তা থেকে রক্ষা করে। অপরদিকে সামাজিক সম্পর্ক এবং মানসিক স্বাস্থ্য বৃদ্ধি করে। অন্যদিকে পিতা-মাতাকে বা গাড়ির চালককে হর্ন কম বাজাতে বলার জন্য ছাত্র-ছাত্রী উভয়কেই সমান গুরুত্ব দেয়া উচিত।




শব্দদূষণের প্রধান কারণগুলি জানতে চাওয়া হলে সকলেই প্রায় একই ধরনের মন্তব্য করেছেন। তারা প্রায় সকলেই (৯৩%) গাড়ির হর্ন, (৬৫%) মাইকিং, (৩৮%) বেসিট্যাক্সি এবং (৩৩%) ইন্টারনেটের মেশিনের কথা বলেছেন। যাই হোক শব্দদূষণের বিভিন্ন উৎস সম্পর্কে ছাত্র-ছাত্রীদের যে প্রতিক্রিয়া তা থেকে এটাই প্রতীয়মান হয়, তারা নানাভাবে শব্দদূষণের শিকার হচ্ছে এবং এর জন্য তারা খুব অস্বস্তিকর অবস্থায় আছে।




শব্দদূষণের ফলে ছাত্র-ছাত্রীদের যে সব অসুবিধা হয় তার মধ্যে বিরক্তিবোধ (৭৩%), মাথা ধরা (৭০%) এবং মনোসংযোগের সমস্যা (৬০%) অন্যতম। প্রায় ১৯% ছাত্র-ছাত্রী বলেছে তাদের মেজাজ খিটখিটে, কানে কম শোনা এবং ঘুমের অসুবিধা হয়। ঢাকা শহরের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিরক্ত হওয়া এবং উত্তেজিত হওয়ার যে প্রবণতা দেখা দিচ্ছে তার একটা বড় কারণ হিসেবে শব্দদূষণকে চিহ্নিত করা যায়।




ছাত্র-ছাত্রী ভেদে সমস্যার কিছুটা ভিন্নতা দেখা যায়, ছাত্র অপেক্ষা ছাত্রীরা মাথা ধরা (৭৬% ছাত্রী এবং ৬৩% ছাত্র), বিরক্তি বোধ (৭৭% ছাত্রী ৬৯% ছাত্র) এবং মনোসংযোগের সমস্যা (৬৭% ছাত্রী ৫৪% ছাত্র) বেশি অনুভব করে। অন্যদিকে কানে কম শোনার ক্ষেত্রে ছাত্রী অপেক্ষা ছাত্ররা (২৯%-২২%) বেশি মতামত দিয়েছে। শব্দদূষণজনিত অন্য সমস্যাগুলোর বেলায় ছাত্র-ছাত্রী উভয়ের ক্ষেত্রে একই ধরনের চিত্র পরিলক্ষিত হয়েছে।



ছাত্র-ছাত্রীদের প্রায় সকলেই (৯৭%) বলেছেন গাড়ির হর্ন তাদের পড়াশুনার মারাত্মক ক্ষতি করছে। এই জরিপের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের দীর্ঘমেয়াদী যে সব সমস্যা তৈরি হয় সে বিষয়ে কোন ধরনের প্রশ্ন উত্থাপন করা হয়নি। শুধুমাত্র তাৎক্ষণিকভাবে তাদের পড়াশুনার যে ক্ষতি হয় সে বিষয়ে আলোকপাত করা হয়। নতুন প্রজন্মকে উন্নত মানুষ হিসেবে গড়ে তোলার জন্য শুধু পিতামাতাকে দায়িত্ব নিলেই চলবে না। এ বিষয়ে সরকার, শিক্ষক বা শিক্ষা প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিসহ সকলকে এগিয়ে আসতে হবে। এই গবেষণায় শব্দদূষণ তথা হর্ন বাজানো নিয়ন্ত্রণে আনার ন্য যথেষ্ট কার্যকর পদক্ষেপ এর উল্লেখ করা হয়েছে।



অধিকাংশ ছাত্র-ছাত্রী (৭৬% ছাত্রী ৬৩% ছাত্র) মনে করেন শব্দদূষণ নিয়ন্ত্রণে হর্ন বাজানো নিষেধ চিহ্নসহ বড় ধরনের লেখা দিয়ে বোর্ড স্থাপন করা দরকার। একটা বড় অংশ (৩৭% ছাত্র এবং ২৪% ছাত্রী) মনে করেন আরও বেশি বেশি সচেতনতামূলক কর্মসূচি নেয়া প্রয়োজন।



kã`tYi KviY ¶wZMŦ-tj Lvcov


স্মৃতি লালমাটিয়া কলেজের অনার্সের ছাত্রী। তার বাসা রাস্তার পাশে। গাড়ির উচ্চ শব্দের যন্ত্রণা যে কত বেশি ভয়ঙ্কর তা সে হাড়ে হাড়ে টের পায়। সে রাত জেগে পড়াশুনা করতে অভ্যস্ত। কিন্তু বিড়ম্বনা বাধায় ট্রাক বা বাসের হর্ন।

রাতে শেক্সপিয়ারের ইংরেজি সাহিত্য পড়তে পড়তে সে যখন গভীরভাবে মনোনিবেশ করে তখন হঠাৎ গাড়ির হর্ন স্মৃতির পাঠ আত্মস্থকরণে ব্যাঘাত ঘটায়, মাঝে মধ্যে আচমকা ভয়ে লাফিয়ে উঠতে হয় তাকে। সে শব্দদূষণের কবল থেকে পরিত্রাণ চায়। কিন্তু সে জানে না কিভাবে সেটা সম্ভব।


তবে শব্দদূষণ নিয়ন্ত্রণে কি করা যায় তা নিয়ে সে ইতোমধ্যে তার বন্ধু-বান্ধবীদের সাথে আলাপ আলোচনা শুরু করেছে।

mvavi Y RbMY

১০০০ সাধারণ জনগণের মধ্যে শব্দদূষণ সম্পর্কে পরিচালিত জরিপকার্যে অংশগ্রহণকারী ৮৩ শতাংশ পুরুষ এবং ১৭ শতাংশ নারী। (জরিপকারীদের সবাই পুরুষ ছিলেন বিধায় মহিলাদের থেকে পুরুষদের মধ্যে জরিপ করতে সুবিধা হয়েছে)। উত্তরদাতাদের বেশিরভাগ ছিলেন যুবশ্রেণীর; ৪৭ শতাংশের বয়স ২০-২৯ এর মধ্যে এবং অন্য ২৬ শতাংশের বয়স ৩০-৩৯ এর মধ্যে। ৬ শতাংশের বয়স ১৪-২০ বছরের মধ্যে, ১৫ শতাংশের বয়স ৪০-৪৯ বছর এবং ৬ শতাংশের বয়স ৫০+ শতাংশের উপরে।




জরিপকার্যে অংশগ্রহণকারী পুরুষদের মধ্যে ৩৮ শতাংশ চাকুরীজীবী, ২৮ শতাংশ ব্যবসায়ী, ২৬ শতাংশ ছাত্র এবং অন্যান্য পেশার ৮ শতাংশ। মহিলাদের মধ্যে বেশিরভাগ ছাত্রী (৪৭%), গৃহিণী (৩০%), চাকুরীজীবী (২১%) এবং অন্যান্য ২ শতাংশ। পুরুষ এবং মহিলা উভয় গ্রুপের মধ্যে প্রায়োগিক বৈশিষ্ট্য রয়েছে। তবে কিছু কিছু ক্ষেত্রে বৈসাদৃশ্য লক্ষ্য করা যায়।



জরিপে অংশগ্রহণকারীগণ প্রায় সকলেই একমত পোষণ করেছেন যে শব্দদূষণ একটি বড় ধরনের সমস্যা। কেবল মাত্র ১ ভাগেরও কম (৭জন) বলেছেন শব্দদূষণ তাদের কোন ক্ষতি করে না। গড়ে ৮৬ শতাংশ নারী-পুরুষ


উভয়েই বলেছেন শব্দদূষণ একটি বড় ধরনের সমস্যা এবং ১৩ শতাংশ বলেছেন শব্দদূষণ সাধারণ সমস্যা। শব্দদূষণ কি ধরনের সমস্যা জানতে চাওয়া হলে পুরুষদের থেকে মহিলারা এটাকে বড় ধরনের সমস্যা হিসাবে (৯৪%-৮৪%) চিহ্নিত করেছেন। আবার শব্দদূষণকে মোটামুটি সমস্যা হিসাবে চিহ্নিত করার ক্ষেত্রে মহিলা অপেক্ষা পুরুষরা (১৫%-৫%) বেশি মতামত দিয়েছেন।

kā`tY ʌK aiʈbi mgm'v?




জরিপকারীদের নিকট উত্তরদাতার শব্দদূষণজনিত যে সমস্যা কথা উল্লেখ করেছেন তা এখানে তুলে ধরা হল। অনেকেই শব্দদূষণের ফলে মাথা ধরা (৬৯%), বিরক্তিবোধ (৬৮%), মেজাজ খারাপ (৪৯%), মনোসংযোগে অসুবিধা (৪৩%), কানে কম শোনা (৪২%), হার্টের অসুবিধা (৪২%), ঘুমের অসুবিধা (৩৯%) এবং শিশুর মানসিক বিকাশ বাধাগ্রস্ত হওয়ার (৩৫%) মত সমস্যাগুলি দেখা দেয়। বেশিরভাগ মহিলারা বলেছেন মাথা ধরে (মহিলা ৭৫%-পুরুষ ৬৮%) এবং বেশির ভাগ পুরুষ বলেছেন মেজাজ খিটখিটে হয়ে যায় (পুরুষ ৫১%-মহিলা ৪২%)।

kā`tYi KviʈY ʌK ʌK mgm'v nʈZ cvʈi?




উত্তরদাতারা জরিপকারীদের সাথে আলাপ আলোচনার ভিত্তিতে শব্দদূষণের নিবোধ অসুবিধাগুলোর কথা বলেছেন। বেশিরভাগ বলেছেন শব্দদূষণ থেকে বিরক্তিবোধ (৭৮%), মাথাধরা (৭১%), মেজাজ খারাপ (৪৯%), মনসংযোগের সমস্যা (৪৩%), ঘুমের ব্যাঘাত (৪৩%), কানে কম শোনা (৩৩%)'র মত সমস্যাগুলি হয়। বেশি সংখ্যক মহিলার বলেছেন মাথা ধরে (৮০%-৬৯%), মেজাজ খারাপ (৫৩%-৪৮%) এবং


মনোসংযোগে অসুবিধা (৫৪%-৪১%) হয়। তারা এখানে শব্দদূষণের সমস্যাগুলোর কথা নিজেদের অভিজ্ঞতা থেকে বলেছেন।



যখন জরিপে অংশগ্রহণকারীদের কাছে শব্দদূষণের কারণগুলি জানতে চাওয়া হয় তখন নারী পুরুষ উভয়েই প্রায় একই রকম উত্তর দিয়েছেন। তারা অনেকেই গাড়ির হর্ন (৯৬%), মাইকিং (৬১%), বেবি ট্যাক্সি (৪৫%), কলকারখানা (৩৫%), টেম্পু (২৮%), ইন্টারন্যাশনাল মেশিন (১৯%), এবং জনসমাবেশের (১৩%) কথা বলেছেন।




জরিপে অংশগ্রহণকারীরা শব্দদূষণ নিয়ন্ত্রণে জনসচেতনতা বৃদ্ধি (৯৯%) এবং আইন প্রণয়নের (৯৪%) কথা বলেছেন।




অধিকাংশ ব্যক্তি মনে করেন (৭৭% মহিলা, ৭২% পুরুষ) হাইড্রোলিক হর্ন সারাদেশ থেকে বন্ধ করা উচিত (যদিও সারাদেশেই হাইড্রোলিক হর্ন বাজানো নিষেধ আছে। কিন্তু এ ব্যাপারে জনগণ অবহিত না।) ২৮% পুরুষ ও ২৩% মহিলারা বলেছেন শুধুমাত্র বড় শহরগুলোতে বন্ধ করা এবং মাত্র একজন উত্তরদাতা বলেছেন কোথাও হাইড্রোলিক হর্ন বন্ধ করার দরকার নেই।

শব্দদূষণ নিয়ন্ত্রণে সরকারেরও দৃষ্টি দেওয়া দরকার, ৯৮% উত্তরদাতারা মনে করেন ট্রাফিক ব্যবস্থার উন্নয়ন ঘটানো এবং কলকারখানা (৯৮%), ইট ভাঙ্গার মেশিন (৯৩%) জনবসতিপূর্ণ এলাকার বাইরে নিয়ে যাওয়া প্রয়োজন। অন্যান্য ক্ষেত্রেও একটা বড় ধরনের মতামত পাওয়া গেছে। ৮৭% লোক মনে করেন শব্দদূষণ একটি নির্দিষ্ট মাত্রার মধ্যে থাকা দরকার। ৮৫% মানুষ মিছিলে এবং ৮৩% বিজ্ঞাপনের কাজে মাইকের ব্যবহার বন্ধ করা দরকার বলে মনে করেন এবং ৬৬% লোক মনে করেন নির্বাচনী প্রচারণায় মাইকের ব্যবহার বন্ধ করা উচিত। জরিপে অংশগহণকারীরা শব্দদূষণ কমানোর জন্য আইন প্রণয়নের ব্যাপারে জোরালো মতামত দিয়েছেন। এবং বিপক্ষে মতামত প্রদানকারীদের সংখ্যা খুবই কম।




শব্দদূষণ সম্পর্কে তারা যে সমস্যাগুলোর কথা উল্লেখ করেছেন তা অধিকাংশ ক্ষেত্রেই (৫৫%) নিজস্ব উপলব্ধি থেকে বলেছেন। ৩৩% লোক বলেছে তারা এ সমস্যা জেনেছে খবরের কাগজ ও টেলিভিশন থেকে, ৯% রেডিও, ৪% লোকমুখে এবং ২% অন্যান্য মাধ্যম থেকে জেনেছেন। এক্ষেত্রে রেডিও-টেলিভিশন ও সংবাদ মাধ্যমগুলোর আরো অগ্রণী ভূমিকা রাখা প্রয়োজন।





শব্দদূষণের উপর কাজ করে এমন কোন সংগঠন আছে কিনা জানতে চাইলে, মাত্র ৩৫ জন (৪%) বলেছেন আছে, ৩৯% বলেছেন নাই এবং ৫৮% বলেছেন তারা জানেন না। এর থেকে এটাই প্রতীয়মান হয়, যারা/যে সব সংগঠন শব্দদূষণের উপর কাজ করছেন এখনও পর্যন্ত তারা ব্যাপক মানুষের কাছে পৌঁছাতে পারেননি। আরো ব্যাপক কাজের মধ্য দিয়ে মানুষের কাছে পৌঁছানো দরকার।



ডাঃ বিপ্লব ভট্টাচার্য, এম.ডি. কার্ডিওলজিস্ট

ডাঃ বিপ্লব ভট্টাচার্য, এম.ডি. কার্ডিওলজিস্ট

গাড়ির হর্ন, বোমা বিস্ফোরণ বা যে কোন ধরনের উচ্চশব্দ হৃদরোগীর জন্য খুবই ক্ষতিকর। মাত্রাতিরিক্ত শব্দের কারণে একজনের করোনারী হার্ট ডিজিজ হতে পারে বা পূর্বে সূত্রপাত হয়ে থাকলে এ সমস্যা আরো বাড়িয়ে দিতে পারে।


হৃদরোগ আক্রান্ত ব্যক্তিদেরকে সাধারণতঃ করোনারী কেয়ার ইউনিট (সিসিইউ) এ রাখা হয়। রোগী যাতে নির্বিঘ্নে ঘুমাতে পারে সে কারণে সেখানে আলো ও শব্দ কম থাকে এবং তাপমাত্রা থাকে সহনীয়। রোগীকে ঘুম পাড়িয়ে রাখা হয় তার সিমপেথিটিক স্টিমুলেশান কম রাখার জন্য। রোগী যদি ঘুমাতে না পারে তবে তার সিমপেথিটিক স্টিমুলেশান বেড়ে যায়।

হৃদরোগীর জন্য ঘুম অত্যাবশ্যকীয়। হৃদরোগে আক্রান্ত ব্যক্তি অথবা যাদের হৃদযন্ত্র দুর্বল তারা ঘুমাতে থাকলে যদি হঠাৎ জাগিয়ে দেওয়া হয় বা কোনভাবে জেগে ওঠে তাহলে তার হৃদপিন্ডের গতি বেড়ে যায় এবং রক্তের চাপ বৃদ্ধি পায়। এ দুই কারণেই হৃদপিন্ডে রক্ত সরবরাহ কমে যেতে পারে। ফলে যে কোন ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। সুতরাং গাড়ির হর্ন হৃদরোগীর জন্য খুবই ঝুঁকিপূর্ণ।

## Mmo Pvj K


জরিপে অংশগ্রহণকারী ৫০০ জন গাড়ি চালকদের সকলেই পুরুষ। এদের ৫১% এর বয়স ৩০-৩৫ বছরের মধ্যে, ৪০% এর বয়স ১৪-২৯ বছরের মধ্যে এবং বাকি ৮% এর বয়স ৪৬ বছরের উপরে।

eqm Abjhvqx AskMhYKvixt` i nvi




চালকদের মধ্যে ৫৯% অল্প শিপিত, ২৫% শিক্ষিত, ১৫% চালক লেখাপড়া জানেনা।


Pvj Kt` i wk¶vi nvi




eqm Ges wk¶vMZ thvM`Zv Abjhvqx AskMhYKvixi nvi



উত্তরদাতাদের মধ্যে বেশির ভাগই ট্যাক্সিক্যাব ও প্রাইভেট কার চালক (২৬%)। ১৩% মিনিবাস চালক, ১১% বাস চালক, ১১% বেবি ট্যাক্সি, ৯% ট্রাক চালক, ৯% টেম্পু, ৭% ম্যাক্সি, ৬% মোটর সাইকেল এবং ৮% অন্যান্য গাড়ির চালক।




শিক্ষিত চালকদের অধিকাংশ প্রাইভেট কার (৪৫%) ও মোটর সাইকেল (২৩%) চালিয়ে থাকেন। অল্প শিক্ষিতের মাঝে প্রাইভেট গাড়ি ২৪%, ১৮% মিনিবাস। নিরক্ষরদের মাঝে টেম্পু (২৩%), ট্রাক (২২%) এবং বেবি ট্যাক্সি (২০%) চালক।




হর্ন বাজানো নিষেধের চিহ্ন যখন দেখানো হল তখন ৯২% চালক এটাকে সঠিকভাবে চিহ্নিত করতে পেরেছেন। শিক্ষিত এবং অল্প শিক্ষিত চালকদের ক্ষেত্রে একটা বড় ধরনের বৈসাদৃশ্য দেখা গেছে, তা হল শিক্ষিত ৯৮% এবং ৯৫% অল্প শিক্ষিত লোক এই চিহ্ন বুঝতে পারে। কিন্তু অশিক্ষিত চালকদের মাত্র ৭০% হর্ন বাজানো নিষেধ চিহ্নটি বুঝতে পারে। বেশির ভাগ ট্রাক চালক অশিক্ষিত এবং তারা খুব বেশি শব্দ সৃষ্টিকারী হর্ন বাজায়। যে সব স্থানে হর্ন বাজাবেন না এমন চিহ্ন আছে, ট্রাক চালকের অনেকে সে সব চিহ্নের মানে ও গুরুত্ব বুঝতে পারেন না।

nb<sup>ev</sup>Rv<sup>†</sup>bv <sup>†</sup>b<sup>†</sup>l a mvBb e<sup>†</sup>S<sup>†</sup>Z cvi vi nvi




যখন তাদের কাছে জিজ্ঞেস করা হল হর্ন বাজানো নিষেধ এমন চিহ্ন তারা ঢাকা শহরের কোথাও দেখেন কিনা, তখন কেবলমাত্র ২৫% চালক বলেছেন যে তারা ঢাকা শহরের কোথাও কোথাও এগুলো দেখে থাকেন, ৬৪% চালক বলেছে মাঝে মাঝে দেখেন এবং ১১% চালক ঢাকা শহরের কোথাও এই চিহ্ন দেখেননি বলে জানিয়েছেন। গাড়ির চালকদের উপরোক্ত মন্তব্যের ফলে বলা যায়, হর্ন বাজানো নিষেধ চিহ্নগুলো সংখ্যায় আরো বেশি এবং বড় করা উচিত যাতে করে গাড়ি চালকরা সহজে দেখতে পারে। নীরব এলাকায় হর্ন বাজানো নিষেধ চিহ্নগুলো স্পষ্ট হলে গাড়ি চালকরা সেসব এলাকায় হর্ন বাজানোর জন্য নিজেকে অপরাধী ভাবে। ট্রাফিক পুলিশ, স্থানীয় প্রশাসন (অর্থাৎ স্কুল শিক্ষক এবং হাসপাতালের কর্মী) হর্ন বাজানোর জন্য যদি গাড়ি চালকদের কাছ থেকে জরিমানা সংগ্রহ করতে পারে এবং সাধারণ জনগণ যারা সারাক্ষণ শব্দদূষণের স্বীকার হচ্ছে তারা যদি এ বিষয়ে এগিয়ে আসেন তাহলে নীরব এলাকায় হর্ন বাজানো নিয়ন্ত্রিত হতে পারে।


i v<sup>†</sup>vq nb<sup>ev</sup>Rv<sup>†</sup>bv <sup>†</sup>b<sup>†</sup>l a mvBb <sup>†</sup>ˆ Lv hvq <sup>†</sup>KLbv?




আবার শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এই মতামতের কিছু বৈচিত্র্য দেখা যায়। ৪০% শিক্ষিত, ২২% অল্প শিক্ষিত এবং মাত্র ১৮% লেখাপড়া না জানা চালকরা বলেছেন যে তারা এই সাইন দেখেছেন। মাঝে মাঝে হর্ন বাজানো নিষেধ চিহ্ন দেখার ক্ষেত্রে ৬৭% অল্প শিক্ষিত এবং ৫৬% শিক্ষিত ও অশিক্ষিত উভয় শ্রেণীর চালকরা প্রায় একই রকম মতামত প্রকাশ করেছেন। কিন্তু কখনও সাইন দেখেনি এরকম যারা বলছে তাদের ক্ষেত্রে ফলাফলে প্রচুর পার্থক্য বিদ্যমান। মাত্র ৪% শিক্ষিত চালক এবং ৮% অল্প শিক্ষিত চালক বলেছেন তারা কখনও ‘সাইন’ দেখেননি। কিন্তু অশিক্ষিত চালকদের ৩৩% বলেছেন তারা কখনও এই ‘সাইন’ দেখেননি বা লক্ষ্য করেননি।




শব্দদূষণ যে একটি সমস্যা তা উপলব্ধি করার ক্ষেত্রেও শিক্ষাগত যোগ্যতার মাপকাঠি এক ধরনের পার্থক্য তৈরি করে। ৭৬% চালক বলেছেন শব্দদূষণ একটি বড় ধরনের সমস্যা, ২০% বলেছেন এটি একটি সাধারণ সমস্যা এবং ৪% বলেছেন এটা কোন সমস্যা না।



শিক্ষাগত যোগ্যতার দৃষ্টিকোণ থেকে এ মতামত বিবেচনা করলে দেখতে পাই যে ৯৪% শিক্ষিত চালক, ৭৩% অল্প শিক্ষিত চালক ও মাত্র ৫৭% অশিক্ষিত চালক শব্দদূষণকে একটি বড় ধরনের সমস্যা হিসেবে উল্লেখ করেছেন। মাত্র ১ ভাগেরও কম শিক্ষিত ও ৪ ভাগ অল্প শিক্ষিত চালক বলেছেন এটা কোন সমস্যা না। কিন্তু ১০% এর বেশি অশিক্ষিত চালক শব্দদূষণ যে একটা সমস্যা তা তারা মানতে রাজি নন।




শব্দদূষণের তিনটে প্রধান কারণ কি, এই প্রশ্নের উত্তরে চালকরা সাধারণ জনগণের মতই উত্তর দিয়েছেন। তথাপি কিছু পার্থক্য দেখা যায়। সেটা হল গাড়ির হর্ন এর ক্ষেত্রে ৯১% গাড়ি চালক, ৯৬% সাধারণ জনগণ এবং মাইকিং এর ক্ষেত্রে ৫০% চালক, ৬১% সাধারণ জনগণ মতামত প্রদান করেন। কিন্তু শিল্প কারখানার ক্ষেত্রে গাড়ি চালক ৪১% এবং সাধারণ জনগণ ৩৫% মতামত প্রদান করেন। সাধারণ জনগণের মত গাড়ি চালকরাও গাড়ির হর্নকে শব্দদূষণের জন্য প্রধান কারণ হিসেবে বিবেচনা করেছেন। গাড়ি চালকরাও এর কারণে সমস্যা সম্মুখীন হচ্ছে এবং সেক্ষেত্রে পর্যাপ্ত পরিমাণে সচেতনতার অভাব রয়েছে। পাশাপাশি জরিমানার বিষয়টিও অন্তর্ভুক্ত করা দরকার। তাহলে অপ্রয়োজনীয় হর্ন বাজানো কমে আসবে।




শিক্ষাগত যোগ্যতার উপর ভিত্তি করে গাড়ি চালকদের উপর পরিচালিত জরিপে বেশ কিছু পার্থক্য দেখা যায়। এর মধ্যে উল্লেখযোগ্য পার্থক্য হলো জনসভার কারণে শব্দদূষণ এর ক্ষেত্রে (অশিক্ষিত চালক ৩১ ভাগ এবং শিক্ষিত ১৩ ভাগ) এবং বেবি ট্যাক্সি ক্ষেত্রে (শিক্ষিত ৩০% এবং অশিক্ষিত ৪৬%)। টেম্পু এবং গাড়ির হর্নের ক্ষেত্রেও পার্থক্য লক্ষ্য করা যায়। ২৫% অশিক্ষিত এবং ৩৬% শিক্ষিত গাড়ির চালক বলেছেন টেম্পু শব্দদূষণের অন্যতম

কারণ আবার গাড়ির হর্ন শব্দদ্বয়ের প্রধান কারণ হিসাবে চিহ্নিত করার ক্ষেত্রে ৮৭% অশিক্ষিত এবং ৯৫% শিক্ষিত গাড়ি চালক মতামত দিয়েছেন। বর্তমানে ঢাকা শহর থেকে টেম্পু নিষেধ করা হয়েছে।




প্রায় সকল চালক জানেন হাসপাতাল (৯৭%) এবং শিক্ষা প্রতিষ্ঠানের সামনে (৯৪%) হর্ন বাজানো নিষেধ। মাত্র ৩৩% চালক সরকারি অফিসের সামনে এবং ১৯ ভাগ চালক অন্যান্য স্থানসমূহের কথা বলেছেন। শিক্ষাগত যোগ্যতার দিক থেকে হাসপাতাল ও শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে খুব সামান্য পার্থক্য দেখা যায়। কেবলমাত্র ৪০ ভাগ শিক্ষিত এবং ২৬ ভাগ অশিক্ষিত চালকগণ বলেছেন সরকারি অফিসের সামনে হর্ন বাজানো বন্ধ করার জন্য।



বিভিন্ন ধরনের পরিস্থিতির কথা উল্লেখ করে গাড়ি চালকদের জিজ্ঞেস করা হয় তারা কখন বেশি হর্ন বাজান, কখন কম বাজান এবং কখন একেবারেই বাজান না। এক্ষেত্রে অধিকাংশ চালকের মতামত ছিল অন্য গাড়ি অতিক্রম করা এবং দ্রুত যাওয়ার জন্য তারা বেশি হর্ন বাজিয়ে থাকেন। রিকসা এবং পথচারীদের ক্ষেত্রে একটু কম হর্ন বাজান। ৪৫% গাড়ির চালক মতামত প্রদান করে ট্রাফিক জ্যামে কম হলেও তারা হর্ন বাজিয়ে থাকেন। অনেক সময় বাড়ীর গেট খোলার জন্যও তারা হর্ন বাজিয়ে থাকেন।


গাড়ি চালকরা সাধারণত দ্রুত গাড়ি চালানো এবং অন্য গাড়িকে অতিক্রম করার জন্য বেশি হর্ন বাজিয়ে থাকে। যার ফলে অনেক সড়ক দুর্ঘটনা ঘটে থাকে। আস্তে গাড়ি চালানোর মাধ্যমে হর্ন কম বাজানো এবং সড়ক দুর্ঘটনা কমিয়ে আনা সম্ভব। বাইসাইকেল, রিকসা, এবং বাসের জন্য আলাদা আলাদা লেন তৈরি করার মাধ্যমে হর্ন

বাজানো নিয়ন্ত্রণে আনা সম্ভব হবে। গাড়ি চালকদের প্রশিক্ষিত করার মাধ্যমে অপ্রয়োজনীয়ভাবে হর্ন বাজানো থেকে বিরত রাখা যেতে পারে। যখন গাড়ি চালকরা প্রধান রাস্তা থেকে ছোট রাস্তায় যায় তখন হর্ন বাজানো থেকে বিরত থাকা বা কম বাজানোর জন্য গাড়ি চালকদের বুঝাতে হবে। তাদেরকে আরো বুঝাতে হবে যে একান্ত প্রয়োজন ছাড়া ট্রাফিক জ্যাম বা সিগনালে হর্ন বাজানো একেবারেই নিষ্প্রয়োজন। কারণ তাতে কোন লাভ হয় না। জ্যাম থাকলে গাড়ি সামনে যেতে পারে না। সবশেষে অযথা হর্ন বাজানোর জন্য জরিমানায় ব্যবস্থা রাখলে গাড়ি চালকরা হর্ন কম বাজাবে এবং তাদের অভ্যাসগত পরিবর্তন আসবে।




হর্ন বাজানো থেকে কার বেশি ক্ষতি হয়? এ প্রশ্নের উত্তরে প্রায় ৯৬ শতাংশ চালক বলেছেন সকলের। ৩ শতাংশ বলেছেন শুধুমাত্র অন্যদের এবং মাত্র ১ ভাগ বলেছেন তার নিজেরও ক্ষতি করে। কেবলমাত্র ১ জন বলেছেন কারো ক্ষতি হয় না।

সার্বিকভাবে শব্দদূষণের ফলে শারীরিক এবং মানসিক যে সমস্যাগুলো তৈরি হয় তার মধ্যে বিরক্তিবোধ (৫৯%), মাথা ধরা (৪৫%), মেজাজ খারাপ হওয়া (৩৬%), কানে কম শোনা (৩২%), ঘুমের অসুবিধা হওয়া (৩২%), মনসংযোগের অসুবিধা হওয়া (২১%) এবং অন্যান্য আরো কিছু সমস্যা (১১%) উল্লেখযোগ্য। শিক্ষিত চালকদের মধ্যে এই হারের একটা বড় ধরনের পার্থক্য দেখা যায়। তারা অন্য চালকদের অপেক্ষা মাথা ব্যাথা এবং বিরক্তিবোধের উপর বেশি মতামত প্রদান করেন। অন্য সকল ক্ষেত্রে প্রায় একই ধরনের মতামত ব্যক্ত করেন।






হর্ন কম বা না বাজিয়ে গাড়ি চালানো সম্ভব কিনা জানতে চাইলে ২৯ ভাগ চালক বলেন হ্যাঁ সম্ভব, ৩৪ ভাগ বলেন না এবং ৩৭ ভাগ চালক কোন ধরনের মতামত দেন নাই। আবার ৫৩% শিক্ষিত, ২২% অল্প শিক্ষিত এবং ২০% অশিক্ষিত চালক মনে করেন হর্ন না বাজিয়েও গাড়ি চালানো সম্ভব। গাড়ি চালকদের প্রশিক্ষণের সময় এ বিষয়টিকে সম্পৃক্ত করতে হবে। হর্ন বাজানোর জন্য জরিমানা ব্যবস্থা থাকলে শিক্ষিত বা অশিক্ষিত সব শ্রেণীর চালককে বুঝাতে হবে। যা বর্তমান পরিস্থিতির পরিবর্তন করে সুন্দর এবং শান্তিময় পরিবেশ তৈরির ক্ষেত্রে সমন্বয়পযোগি পদক্ষেপ হিসেবে বিবেচিত হবে।



সাধারণ জনগণসহ চালকদের একটা বড় অংশ মনে করেন শব্দদূষণ হ্রাস করতে কিছু একটা করা প্রয়োজন। জরিপের মতামত বিশ্লেষণ করে দেখা যায় ৮৫% লোক মনে করেন আইন প্রণয়ন করা, ৯১ ভাগ মানুষ বলেছেন চালকদের সচেতনতা বৃদ্ধি করা এবং ৭৭% মানুষ মনে করেন কিছু নির্দিষ্ট এলাকায় হর্ন বাজানো নিষেধ করা প্রয়োজন। এই মতামত যদি বহুল প্রচারিত হয়নি তথাপিও এটার বিপক্ষে যাওয়া মানুষের সংখ্যা খুবই সীমিত। যদি একটি বিধিমালা প্রণীত হয় সেক্ষেত্রে ব্যাপক জনসমর্থনও পাওয়া যাবে। তবে কেন খসড়া প্রণীত বিধিমালাটি চূড়ান্ত হচ্ছে না।



## ফোকাস গ্রুপের ফলাফল

### সমন্বিত দল

শব্দদূষণের অন্যতম কারণ উচ্চ শব্দ। বর্তমানে ঢাকা শহরে শব্দদূষণের মাত্রা পৃথিবীর যে কোন শহরের তুলনায় বিপদজনক পর্যায়ে। কিন্তু সেটি আমাদের কাছে সমস্যা মনে হলেও জনগণ এটাকে কিভাবে দেখছে, গাড়ির চালকরাও বা কোন ধরনের চিন্তা ভাবনা করছে, তাদের কি ভূমিকা থাকতে পারে, এ বিষয়ে তারা কতটুকু সচেতন বা এ বিষয়টিকে তারা আদৌ সমস্যা হিসেবে দেখছে কিনা। যদি সমস্যা হিসাবে দেখে থাকে তবে তা নিয়ন্ত্রণে তাদের ভাবনা কি? সরকারি-বেসকারি সামাজিক প্রতিষ্ঠানসমূহ বা ব্যক্তিগতভাবেও একজন কি ধরনের পদক্ষেপ নিতে পারে এ সমস্ত বিষয় নিয়ে আয়োজন করা হয় ফোকাস গ্রুপের। তাদের আলাপ আলোচনার মধ্য থেকে অনেকগুলো গুরুত্বপূর্ণ বিষয় বেরিয়ে আসে, যা নিবে তুলে ধরা হলঃ

- বাস, ট্রাক বা যে কোন ধরনের যানবাহনের শব্দ, আবাসিক এলাকায় বিল্ডিং তৈরির সময় ইট ভাঙ্গার মেশিনের শব্দ, ক্যাসেটের দোকানে উচ্চশব্দে গান বাজানো, মাইকে বিজ্ঞাপন প্রচারসহ বিভিন্নভাবে শব্দদূষণ হচ্ছে।
- শব্দদূষণকে সকলেই একটা বড় সমস্যা হিসাবে চিহ্নিত করেছেন। কারণ শব্দদূষণের ফলে অনেকগুলি জটিল সমস্যা তৈরি হচ্ছে। বিশেষ করে শিশুদের বেলায় এর প্রভাব ব্যাপক। তাদের মানসিক বিকাশ ক্ষতিগ্রস্ত হচ্ছে। রাস্তার পাশে বাড়ি এমন শিশুরা ঘুমিয়ে থাকলে হর্নের শব্দে জেগে উঠছে। বয়স্ক, অসুস্থদের ঘুমের ব্যাঘাত, ছাত্র-ছাত্রীদের মনসংযোগ তথা পড়াশুনা ক্ষতিগ্রস্ত হচ্ছে। হঠাৎ হর্নের শব্দ চিন্তায় বিচ্ছিন্নতা তৈরি করছে, আর অনবরত শব্দ মেজাজকে করে তুলছে খিটখিটে।
- অতিরিক্ত শব্দ হৃদরোগীদের মারাত্মক ক্ষতি ডেকে আনে। তাদের রক্তের চাপ বাড়িয়ে দেয়। তাছাড়া পথচারী রাস্তা পার হওয়ার সময় পেছন থেকে আসা গাড়ির উচ্চ শব্দে কিংকর্তব্যবিমূঢ় হয়ে দাড়িয়ে পড়েন, তখন অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা ঘটার সম্ভাবনা বেড়ে যায়।
- শব্দদূষণ নিয়ন্ত্রণে সবচেয়ে বড় অন্তরায় অসচেতনতা এবং দায়িত্ববোধের অভাব। গাড়ি যখন জ্যামে পড়ে বা ট্রাফিক সিগনালে দাড়িয়ে থাকে সে সময় চালক অনবরত প্যাঁ-পু শব্দে হর্ন বাজাতে থাকেন। পথচারীদের ক্ষেত্রেও দেখা যায় যে হঠাৎ রাস্তায় নেমে পড়েন। গাড়ি আসছে সেদিকে কোন ক্রক্ষেপ নেই। চালকরা বাধ্য হয়ে তখন হর্ন বাজান। এছাড়া অনেকে বাড়িতে ক্যাসেট প্লেয়ার ছেড়ে দিয়ে খুব জোরে গান শোনেন, যা পড়শীর পড়াশুনা বা ঘুমে ব্যাঘাত ঘটায়।
- অনেক সময় দেখা যায় জ্যামে গাড়ি দাড়িয়ে আছে বা কেউ রাস্তা ক্রস করছে তখন চালক অনবরত হর্ন বাজাতে থাকেন। গাড়িটি পার করা হয়ে গেলে বা জ্যাম ছাড়িয়ে গেলে সে স্বাভাবিকভাবে যেতে পারে। সে ধৈর্য্যটুকুর অভাব পরিলক্ষিত হয়।

- যে সব গাড়ি শব্দ তথা পরিবেশ দূষণ করছে এদের অধিকাংশেরই ফিটনেসের অভাব। ট্রাফিক পুলিশের যেটা লক্ষ্য করার কথা। কিন্তু তারা এ ব্যাপারে কোন অ্যাকশন নিয়েছে না। কিছু কিছু রাস্তায় যেমন মানিক মিয়া এভিনিউ, হাসপাতাল, স্কুল-কলেজের সামনে হর্ন বাজানো নিষেধ। কিন্তু চালকরা যেমন অ্যাকশন করে না কর্তব্যরত পুলিশও তাদেরকে কিছু বলেন না।

- শব্দদূষণ নিয়ন্ত্রণের জন্য ট্রাফিক ব্যবস্থাকে আরো গতিশীল এবং প্রায়োগিক করতে হবে।

ফোকাস গ্রুপে অংশগ্রহণকারীরা শব্দদূষণ নিয়ন্ত্রণে সরকার, বেসরকারি প্রতিষ্ঠান বা ব্যক্তিগতভাবে একজন কি করতে পারে অথবা তাদের ভূমিকা কি হতে পারে সে সম্পর্কেও মতামত প্রকাশ করেন।

- শব্দদূষণের মূল কারণ হর্ন। যার নিয়ন্ত্রণভার চালকের হাতে থাকে। সুতরাং সর্বাত্মক তাদেরকে সচেতন করতে হবে।
- গাড়ির চালকরা যাতে হর্ন কম বা না বাজিয়ে গাড়ি চালায় সে ব্যাপারে গাড়ির মালিক কিংবা আরোহীকে সচেতন হতে হবে।
- একটা কার্যকর আইন তৈরি করা এবং জনসচেতনতা বৃদ্ধিতে রেডিও টেলিভিশনে ব্যাপক প্রচারণার ব্যবস্থা করতে হবে।
- যত্রতত্র মাইক বাজাতে না দেওয়া এবং এর জন্য একটি নীতিমালা প্রণয়ন।
- হাইড্রোলিক হর্ন আছে এমন গাড়িকে রাস্তায় নামতে না দেয়া এবং ফিটনেস সার্টিফিকেট বাতিল করা।

## গাড়ি চালক

গাড়ি চালকদের ফোকাস গ্রুপে অংশগ্রহণকারীগণ ঢাকা শহরের মধ্যে গাড়ি চালানো ছাড়াও কেউ কেউ ঢাকা-কিশোরগঞ্জ, মাওয়া ও সিলেট রোডে গাড়ি চালান। শব্দদূষণের জন্য ঢাকা শহরের গাড়ির শব্দ ও হর্ন যেমন দায়ী তেমনিভাবে আরো অনেকগুলো বিষয়কে তারা দায়ী করেছেন। এর মধ্যে মাইকিং, ইটভাঙ্গার মেশিন, জেনারেটর ও কলকারখানা থেকে উৎপাদিত শব্দের কথা তারা উল্লেখ করেন।

গাড়ির হর্ন থেকে শব্দদূষণ বেশি হলেও সেক্ষেত্রে তারা কিছু বাস্তবতার কথা উল্লেখ করেন। শব্দদূষণ থেকে তারা প্রতিনিয়ত মাথাব্যথা, মেজাজ খিটখিটে হয়ে যাওয়াসহ নানা ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছেন। যার কারণে অনেক সময় কেউ অযথা হর্ন বাজালে তাদেরকে তারা নিজে থেকেই ধমক কিংবা গালি দেন। শব্দদূষণের কারণ হিসেবে যে বিষয়টির উপর তারা জোর দিয়েছেন তা হল আইন এর দুর্বলতা।

ট্রাফিক ব্যবস্থা নিয়েও চালকদের বিভিন্ন মন্তব্য রয়েছে। ট্রাফিক পুলিশ হঠাৎ হঠাৎ গাড়ি রাস্তায় মাঝে থামিয়ে দেয় এবং অন্য গাড়িগুলো চলার ব্যবস্থা না রেখেই ঐ গাড়ির চালকের সাথে কাগজপত্র দেখার নামে রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি করে। পেছনের গাড়ি রাস্তা না পেয়ে হর্ন বাজাতে থাকে।

শব্দদূষণের অন্য একটি বড় কারণ হিসাবে তারা চিহ্নিত করেছেন রিকসা এবং ফুটপাথের দোকানসমূহ। ঢাকা শহরে রিকসা চলার কোন নিয়ম-নীতি নেই। সমস্ত রাস্তা জুড়ে রিকসা চলার কারণে পেছনে গাড়ি থাকলেও পথ না দেওয়ায় বাধ্য হয়ে চালক হর্ন বাজায়। রাস্তায় যত্রতত্র এলোমেলো গাড়ি রাখার কারণে চলাচলের পথ সংকুচিত হওয়া এবং যত্রতত্র গাড়ি থেকে উঠা নামা করার কারণেও হর্ন বাজাতে হয়।

মালিক চালককে সারা দিনের জন্য অর্থের কোটা নির্ধারণ করে দেন। চালককে যে কোনভাবেই হোক না কেন সেই কোটা পূরণ করতে হয়। গাড়ি চালক কোটা পূরণ করতে গিয়ে স্টপেজে স্টপেজে যাত্রীর জন্য অধিক সময় থামায় এবং দ্রুত গাড়ি চালায়। এই দ্রুত গাড়ি চালাতে গিয়ে তারা বেশি হর্ন বাজায়। এ কারণে সড়ক দুর্ঘটনাও ঘটতে পারে।

সবশেষে তারা যাত্রীদের কিছু সমস্যার কথা উল্লেখ করেন। যাত্রীরা গাড়িতে উঠার পরে মনে হয় যেন কি সাংঘাতিক ব্যস্ততা তাদের উপর ভর করে আছে। চালক একটু আস্তে গাড়ি চালালে এবং দু'একটা গাড়ি সেই গাড়িটাকে অতিক্রম করলে যাত্রীরা গালমন্দ করতে থাকে। এ থেকে চালকের মনে এক ধরনের প্রতিক্রিয়া সৃষ্টি হয়। সেই গাড়ি জোরে চালানো শুরু করে।

kā`†Y wloqš†Y Mmo Pvj K†`i wKQymcwi kt

- সাধারণ যাত্রী ও চালক উভয়ের মাঝে সচেতনতা বৃদ্ধি করতে হবে। তার জন্য প্রাতিষ্ঠানিক শিক্ষার সাথেই এ বিষয়টি সম্পৃক্ত করতে হবে এবং চালকদেরকে সচেতন করার জন্য নিয়মিতভাবে শিক্ষামূলক কর্মসূচি নিতে হবে। বিশেষ করে ড্রাইভিং স্কুলগুলোর শিক্ষাসূচিতে হর্নের বিষয়টি বাধ্যতামূলক করতে হবে।
- রেডিও, টেলিভিশন এবং সংবাদ মাধ্যমগুলোকে এগিয়ে আসতে হবে।
- ট্রাফিক ব্যবস্থাকে আরো কার্যকর ও গতিশীল করতে হবে। ওভার ব্রিজ, জেব্রাক্রসিং কিংবা নির্দিষ্ট স্থান দিয়ে রাস্তা পারাপারের অভ্যাস গড়ে তুলতে হবে।

শব্দদূষণ যে একটি বড় ধরনের সমস্যা তা উভয়ই গ্রুপের আলোচনায় খুবই সুস্পষ্টভাবে বেরিয়ে এসেছে। কিন্তু সমস্যার কারণ চিহ্নিত করণের ক্ষেত্রে সাধারণ গ্রুপ গাড়ি চালকদের দোষারোপ করেছেন। আবার গাড়ি চালকগণ অন্যান্য বিষয়গুলোকে দায়ী করেছেন। নিজেদের কারণে যে সমস্যা তৈরি হয় সে বিষয়টিকে একেবারেই এড়িয়ে গেছেন উভয় গ্রুপের সদস্যরা। আসলে শব্দদূষণের জন্য আমরা সকলেই কম বেশি দায়ী। জনসাধারণ বা ছাত্র-ছাত্রীরা যেমন ট্রাফিক আইন মেনে রাস্তা পারাপার হন না, ঠিক তেমনিভাবে চালকরাও নিয়মতান্ত্রিকভাবে গাড়ি চালান না। শব্দদূষণ নিয়ন্ত্রণে গাড়ি চালক, পথচারি, ট্রাফিক পুলিশসহ আমরা সবাই যদি আন্তরিক হই তবে নিশ্চয়ই আমরা ক্ষতিকর এই শব্দদূষণের হাত থেকে রেহাই পাবো। সুতরাং শব্দদূষণ নিয়ন্ত্রণে আমাদের প্রত্যেককেই কম বেশি দায়িত্ব নিতে হবে। কারণ আমরা যে পরিবেশে বাস করছি সেই পরিবেশের সংরক্ষণ করার দায়িত্ব আমাদেরই।

c†qvRb mw` "Qvi

ধানমন্ডি নিবাসী মাহবুব সাহেব টংগি থেকে বাসায় ফেরার পথে একটা ট্যাক্সি ক্যাব ভাড়া করেন। গাড়িতে চেপেই চালককে আশ্তে চালানো এবং হর্ন কম বাজিয়ে গাড়ি চালানোর জন্য বললেন। চালক গাড়ি আশ্তে চালাতে সম্মত হল কিন্তু সে ঢাকা শহরের রাস্তায় হর্ন কম বাজিয়ে গাড়ি চালাতে পারবে না বলে জানাল এবং যথারীতি হর্ন বাজাতে থাকল।

মাহবুব সাহেব উত্তরা এসে সেই ট্যাক্সি থেকে নেমে গেলেন এবং অন্য একটা ট্যাক্সিতে উঠলেন এবং তাকেও তিনি হর্ন কম বাজিয়ে চালাতে বললেন। সে চেষ্টা করবে বলে জানালো। কিন্তু সেটা কতটুকু সম্ভব এ বিষয়ে সে সন্দিহান ছিল।

অবশেষে উত্তরা থেকে ধানমন্ডি আসতে সে একবারও হর্ন না বাজিয়ে পৌঁছাতে সক্ষম হল। সে বলল এভাবে হর্ন না বাজিয়ে যে রাস্তায় গাড়ি চালানো যায় তা আগে কখনও চেষ্টা করে দেখিনি। আসলে প্রয়োজন সদিচ্ছার।

## আলোচনা

জরিপে অংশগ্রহণকারি অধিকাংশ মানুষ মনে করে করেন যে, শব্দদূষণ একটি বড় ধরনের সমস্যা এবং তাদের ব্যক্তিগত অভিজ্ঞতা হল এর থেকে নানা ধরনের সমস্যা তৈরি হচ্ছে। আশকাংজনক হলেও সত্য যে ৬০-৭৩% ছাত্র-ছাত্রী বলেছেন শব্দদূষণের কারণে তাদের মনোসংযোগে সমস্যা, মাথা ধরা এবং মেজাজ খারাপ হচ্ছে। এবং আরো বিস্ময়কর ব্যাপার হলো ৯৭% ছাত্র-ছাত্রী বলেছেন হর্নের কারণে তাদের লেখাপড়া ক্ষতিগ্রস্ত হচ্ছে। জরিপকৃত চালকদের মধ্যে ৭৬%, সাধারণ মানুষের মধ্যে ৮৪% পুরুষ এবং ৯৪% মহিলারা বলেছেন এটা একটা বড় ধরনের সমস্যা। অধিকাংশ চালক এবং সাধারণ মানুষ শব্দদূষণ সম্পর্কে তাদের খারাপ অভিজ্ঞতার কথা বলেছেন। শব্দদূষণের কারণে উচ্চ রক্তচাপ, হৃদরোগ, স্ট্রোক এর মত জটিল রোগের ঝুঁকি বৃদ্ধি পাচ্ছে শিশুদের ঘুমের ব্যাঘাত ঘটছে। তাদের মানসিক বিকাশ বাধাপ্রাপ্ত হচ্ছে। ছাত্র-ছাত্রীরা পড়াশুনায় মনোনিবেশ করতে পারছেন না।

শব্দদূষণ সম্পর্কে সচেতন ব্যক্তিদের মধ্যে এক ধরনের প্রতিক্রিয়া থাকলেও প্রচার মাধ্যম এবং সংগঠনগুলোর মধ্যে তেমন কোন তৎপরতা পরিলক্ষিত হয় না। অথচ এটি ঢাকা শহরের বড় সমস্যাগুলোর অন্যতম। যদি একটা কার্যকর আইন প্রণয়ন এবং জনসচেতনতা বৃদ্ধির জন্য পদক্ষেপ নিয়ে কেউ এগিয়ে আসে তবে ব্যাপক মানুষের সাড়া পাওয়া যাবে এবং দ্রুত সফলতা আসবে।

শব্দদূষণ যে একটি বড় ধরনের সমস্যা সে সম্পর্কে অধিকাংশ চালকরা একমত পোষণ করেছেন। এক্ষেত্রে সবচেয়ে বেশি প্রতিক্রিয়া ব্যক্ত করেন অপেক্ষাকৃত শিক্ষিত চালকগণ। এই শিক্ষিত চালকদের মধ্যে ট্রাক চালকও রয়েছে কিন্তু তাদের পরিমাণ খুবই সামান্য। অথচ দেখা যায় যে ট্রাকে সবচেয়ে উচ্চ শব্দের হর্ন ব্যবহার করা হয়। শব্দদূষণ সম্পর্কে এদেরকেই প্রথমে সচেতন করা প্রয়োজন। বিশেষ করে অশিক্ষিত চালকদেরকে। যাতে করে তারা অনুভব করতে পারেন যে শব্দদূষণ একটি সমস্যা এবং হর্ন না বাজিয়ে গাড়ি চালানো যায়। ৪৫% চালক বলেছেন যে তারা ট্রাফিক জ্যামেও হর্ন বাজান। যার কোন ধরনের যৌক্তিকতা নেই। এ বিষয়ে তাদেরকে প্রশিক্ষণ দেয়া প্রয়োজন। হর্ন বাজানোর গুরুত্ব এবং সম্ভবনা সম্পর্কেও তাদেরকে ধারণা দিতে হবে।

যাত্রী সাধারণকেও সচেতনতামূলক কার্যক্রমের আওতায় আনা প্রয়োজন। কারণ তারা বিভিন্ন সময় বিভিন্ন গাড়িতে যাতায়াত করেন। তারা যদি চালকদেরকে হর্ন বাজানোয় নিরুৎসাহিত করেন তা হলেও হয়ত একটা ভাল ফলাফল পাওয়া যেতে পারে। উদাহরণস্বরূপ বলা যেতে পারে, যাত্রী সাধারণ চালককে গাড়ি আস্তে চালাতে বলতে পারেন। ফলে সড়ক দুর্ঘটনা এবং শব্দদূষণ দুইই কমে যাওয়ার সম্ভাবনা তৈরি হবে। শব্দদূষণজনিত সমস্যার ব্যাপকতা এবং তা থেকে স্বাস্থ্য ও পরিবেশগত ক্ষতির কথা যদি চিন্তা করা হয় তবে এটাকে কোনক্রমেই অবহেলা করা উচিত হবেনা।

## দ্বিতীয় অংশ

### তথ্য ও করণীয়

#### আবাসিক এলাকায় শব্দদূষণের নতুন সংযোজন ইটভাঙ্গার মেশিন

প্রত্যেক ব্যক্তির সুস্থ সুন্দর পরিবেশে বসবাস করার অধিকার রয়েছে। সে অধিকারে হস্তক্ষেপ বা প্রতিবন্ধকতা তৈরি করা অনৈতিক। ঢাকা শহরে জনসংখ্যা যেমন বাড়ছে, বাড়ছে যানবাহন। তৈরি হচ্ছে নতুন নতুন ইমারত। কিন্তু কোন কিছুই নিয়ন্ত্রণ নেই। নিয়ন্ত্রণহীনতার কারণে ভোগান্তির স্বীকার হচ্ছে জনসাধারণ। কোন আবাসিক এলাকায় যদি নতুন কোন ইমারত বা বিল্ডিং তৈরি হয়, তাহলে উচ্চ শব্দ সৃষ্টিকারি ইট ভাঙ্গার মেশিন ব্যবহার করার জন্য ভোগান্তিতে পড়তে হচ্ছে আশেপাশে বসবাসকারীদের।

উচ্চশব্দ সৃষ্টিকারি এবং আবাসিক এলাকায় শব্দদূষণের প্রধানতম উৎস ইট ভাঙ্গার মেশিন। যার ব্যবহার আইন সম্মত না। ১৯৭৬ সালে ঢাকা মেট্রোপলিটন পুলিশ অধ্যাদেশ এর “ধারা ২৫ ক্রমিক ছ” অনুযায়ী রাস্তা বা জনসাধারণের ব্যবহার্য স্থানে বা নিকটবর্তী গৃহের অধিবাসীদের বা যাত্রীদের প্রতিবন্ধকতা, অসুবিধা বা বিরক্তি বোধের সৃষ্টি হতে পারে এমন যন্ত্র বা গাড়ির হর্ন বাজানো নিষেধ। তা হলে আবাসিক এলাকায় ইট ভাঙ্গার মেশিন ব্যবহৃত হয় কিভাবে?

ইট ভাঙ্গার মেশিন শুধুমাত্র মানুষের বিরক্তির সৃষ্টি করে না। এর শব্দের কারণে রক্তের চাপ বৃদ্ধিসহ শিশুদের ঘুমের ব্যাঘাত হয়। যে লোক এই মেশিনের আশে পাশে কিছু সময় অবস্থান তাদের মেজাজ খিটখিটে হয়ে যাওয়াসহ নানা ধরনের সমস্যা হতে পারে। এই মেশিন যিনি চালান তার ধীরে ধীরে বধির হয়ে যাওয়ার সম্ভাবনা থাকে এবং এর ভাল কোন চিকিৎসা নেই।

আধুনিক উন্নত প্রযুক্তিকে আমরা অস্বীকার করি না। কিন্তু ইট ভাঙ্গার মেশিনের মত স্বাস্থ্য হানিকর কোন প্রযুক্তি আমরা গ্রহণ করতে পারি না। ইট ভাঙ্গার মেশিন মানুষের স্বাস্থ্যগত ক্ষতির পাশাপাশি পরিবেশ দূষণ করছে। এই যন্ত্রের ব্যবহার বন্ধ করা গেলে দেশ অর্থনৈতিকভাবেও লাভবান হবে। যে সব দরিদ্র মানুষ ইট ভাঙ্গার মাধ্যমে জীবিকা নির্বাহ করত তারা কাজ পাবে। সুতরাং ইট ভাঙ্গার এর মেশিন ব্যবহার বন্ধ করা উচিত। আইনগতভাবেও এগুলো ব্যবহারের কোন বৈধতা নেই। লাইসেন্স বিহীনভাবে এগুলো যত্রতত্র ব্যবহার করা হয়।

আইন আছে, আইনের ব্যবহার নেই। কেউ আইন লঙ্ঘন করলে তার বিরুদ্ধে কি ধরনের পদক্ষেপ নেয়া যেতে পারে বা কে নেবে সেই পদক্ষেপ সে সম্পর্কে রয়েছে দোদুল্যমানতা। আসলে প্রাথমিক পদক্ষেপ নিজেই নিতে হবে। কেউ যদি আবাসিক এলাকায় বা জনবসতিপূর্ণ এলাকায় ইটভাঙ্গার মেশিনের মত শব্দ সৃষ্টিকারী যন্ত্র ব্যবহার করে তবে প্রথমে তার প্রতিবাদ জানানো উচিত। প্রয়োজনে পুলিশ প্রশাসনের সহযোগিতা গ্রহণ করা।

## kã`tY, wk'i AwãKvi mb` I wk'i i weKvk

বিশ্বে যে ২২টি দেশ প্রথম জাতিসংঘ শিশু অধিকার সনদ অনুসমর্থন করেছিল তার মধ্যে একটি হচ্ছে বাংলাদেশ। ১৯৯১ সালের ২ সেপ্টেম্বর থেকে এই সনদের বাস্তবায়ন বাংলাদেশের জন্য আবশ্যকীয় হয়েছে। শিশুদের কল্যাণে যথাসম্ভব উদ্যোগ ও সহযোগিতা প্রদানে বাংলাদেশ সরকার দেশের জনগণ এবং জাতিসংঘের কাছে প্রতিশ্রুতিবদ্ধ।

